# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪১৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩৬. বিতর সালাত মুস্তাহাব

باب اسْتِحْبَابِ الْوِتْرِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، وَقُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، ـ الْمَعْنَى قَالاَ حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ رَاشِدٍ الزَّوْفِيِّ، عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي مُرَّةَ الزَّوْفِيِّ، عَنْ خَارِجَةَ بْنِ حُذَافَةَ، ـ قَالَ أَبُو الْوَلِيدِ الْعَدَوِيُّ قَالَ : خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ " إِنَّ اللهَ عَزَّ وَجَلَّ قَدْ أَمَدَّكُمْ بِصَلاَةٍ وَهِيَ خَيْرٌ لَكُمْ مِنْ حُمْرِ النَّعَمِ وَهِيَ الْوِتْرُ، فَجَعَلَهَا لَكُمْ فِيمَا بَيْنَ الْعِشَاءِ إِلَى طُلُوعِ الْفَجْرِ " .

ـ ضعيف : المشكاة (١٢٦٧)

বাংলা

১৪১৮। খারিজাহ ইবনু হুযাফা আল-আদাবী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে এসে বললেনঃ মহা মহীয়ান আল্লাহ তোমাদেরকে একটি অতিরিক্ত সালাত দিয়েছেন, সেটা তোমাদের জন্য লাল উটের চেয়েও উত্তম। তা হলো বিতর। তোমাদের জন্য এ সালাত আদায়ের সময় হচ্ছে ’ইশার সালাতের পর হতে ফজর উদয় হওয়া পর্যন্ত।[1]

দুর্বল : মিশকাত (১২৬৭)।

## English

Narrated Kharijah ibn Hudhafah al-Adawi:

The Messenger of Allah (ﷺ) came out to us and said: Allah the Exalted has given you an extra prayer which is better for you then the red camels (i.e.

high breed camels). This is the witr which Allah has appointed for you between the night prayer and the daybreak.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ বিতর সালাতের ফাযীলাত, হাঃ ৪৫২), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ বিতর সালাত, হাঃ ১১৬৮), দারিমী (হাঃ ১৫৭৬), হাকিম (১/৩০৬) ইমাম হাকিম বলেন : সানাদ সহীহ, তবে বুখারী ও মুসলিম এটি বর্ণনা করেননি। যাহাবী তার সাথে একমত পোষণ করেছেন। আলবানী একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ খারিজাহ বিন হুযাফাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58736

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন